কালের কণ্ঠ

তারিখ: 14 JUL 2015
পৃষ্ঠা: ৭ কলাম: ৪

# সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পেল নর্থ সাউথ

নিজস্ব প্রতিবেদক ▷

সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পেয়েছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। একই সঙ্গে বর্ষসেরা জনসংযোগ প্রধানের সম্মাননাও দেওয়া হয়েছে একই বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ প্রধান বেলাল আহমেদকে। সম্প্রতি বিশ্ববিদ্যালয় ভিত্তিক সংবাদমাধ্যম বিশ্ববিদ্যালয় পরিক্রমার ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ স্বীকৃতি ও সম্মাননা দেওয়া হয়। রাজধানীর সোনারগাঁও হোটেলে আয়োজিত অনুষ্ঠানে এনএসইউ উপাচার্য আমিন ইউ সরকার অনুষ্ঠানের প্রধান অতিথি গণপূর্ত ও গৃহায়ণমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনের কাছ থেকে স্মারক সম্মাননা গ্রহণ করেন। প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ড. আব্দুস সোবহান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ষসেরা জনসংযোগ প্রধানের সম্মাননা তুলে দেন নর্থ সাউথের বেলাল আহমেদের হাতে।

জানা যায়, বেসরকারি বিশ্ববিদ্যালয় পর্যায়ে ২০১৪-১৫ বছরে উন্নয়নমুখী উদ্যোগ-সফল কার্যক্রমসহ ইতিবাচক পরিবর্তন সাধন ও গণমাধ্যমে সর্বাধিক প্রচারণার জন্য নর্থ সাউথ ইউনিভার্সিটি ও একই বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ প্রধানকে বর্ষসেরা সম্মাননা দেওয়া হয়। আন্তর্জাতিক শিক্ষাচুক্তি ও স্বীকৃতি, শিক্ষার্থীদের জন্য খেলার মাঠ, আধুনিক মিলনায়তন, সেমিনার হল নির্মাণ, শিক্ষা পদ্ধতির ইতিবাচক পরিবর্তন, মিডিয়া স্টাডিসসহ কর্মোপযোগী নতুন বিষয় খোলার উদ্যোগ, বিদেশি শিক্ষক-শিক্ষার্থীদের আকৃষ্ট করাসহ সাম্প্রতিককালের সাফল্যের জন্য নর্থ সাউথ ইউনিভার্সিটিকে সম্মাননা দেওয়া হয়।

নর্থ সাউথের জনসংযোগ প্রধান বেলাল আহমেদ কালের কণ্ঠকে বলেন, 'বিশ্বায়নের ক্ষেত্রে নর্থ সাউথ বেশ কিছু নতুন পদক্ষেপ গ্রহণ করেছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে আমাদের পড়ালেখার ধরন সব সময়ই আলাদা। আমাদের বাণিজ্য অনুষদ সম্প্রতি আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছে। সম্প্রতি ১০ জন আমেরিকান শিক্ষক আমাদের বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। শিক্ষার মানের ক্ষেত্রে আমরা কখনো আপস করি না। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুযোগ-সুবিধার দিক দিয়েও আমরা সবার চেয়ে এগিয়ে। নর্থ সাউথের শ্রেষ্ঠত্বের পেছনে এ ধরনের নানা বিষয় রয়েছে।'